

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫১৯৬

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

### الفصل الثَّانِف

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ أَوَّلَ مَا يُسْأَلُ الْعَبْدُ يَوْمَ الْقِيَامَةِ مِنَ النَّعِيمِ أَنْ يُقَالَ لَهُ: أَلَمْ نُصِحَّ جِسْمَكَ؟ وَتَرَوْكَ مِنَ الْمَاءِ الْبَارِدِ؟ . رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده صحيح ، رواه الترمذی (3358) -  
(صَحِيح)

বাংলা

৫১৯৬-[৪২] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: কিয়ামতের দিন নি'আমাত সম্পর্কে বান্দাকে সর্বপ্রথম যে প্রশ্ন করা হবে তা হলো; আমি কি তোমার দেহকে সুস্থ করিনি, আমি কি তোমাকে শীতল পানি দিয়ে পরিতৃপ্ত করিনি? (তিরমিযী)

ফুটনোট

সহীহ : তিরমিযী ৩৩৫৮, সিলসিলাতুস সহীহাহ্ ৫৩৯, সহীহুল জামি' ২০২২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَلَمْ نُصِحَّ جِسْمَكَ؟) এখানে শারীরিক সুস্থতা সম্পর্কে বলা হয়েছে, ঈমানের পর সবচেয়ে বড় নি'আমাত হলো শারীরিক সুস্থতা। উল্লেখিত হাদীসের অর্থ হলো, কিয়ামতের দিন আল্লাহ তা'আলা বান্দাকে নি'আমাত সম্পর্কে প্রশ্ন করবেন। আর সুস্থতা হচ্ছে আল্লাহর পক্ষ হতে সবচেয়ে বড় নি'আমাতসমূহের মধ্য হতে অন্যতম।

কাজেই সুস্থতাকে সঠিক পথে কাজে লাগাতে হবে।

হাদীসে উল্লেখিত (إِنَّ أَوَّلَ مَا يُسْأَلُ الْعَبْدُ) বাক্যে (مَا) শব্দটি (مَوْصُولَةٌ) হিসেবে ব্যবহৃত হয়েছে। অর্থাৎ বাক্যটি (أَوَّلُ شَيْءٍ يُحَاسَبُ بِهِ فِي الْآخِرَةِ) অর্থে এসেছে। আর (مِنْ النَّعِيمِ) বাক্যটি (مَا) সর্বনামের বায়ান হিসেবে এসেছে। পরবর্তী বাক্যাংশ (أَنْ يُقَالَ لَهُ) এর (إِنَّ) (خَبَرٌ) হয়েছে।

(مَا) আর (مُتَعَلِّقٌ) সাথে (يُسْأَلُ) (مِنْ النَّعِيمِ) অবশ্য (رَحِمَ اللَّهُ رَحْمَةً كَثِيرًا) (তাহার পক্ষ থেকে অনেক রহমতের সহিত) (আল্লাহ তা'আলাকে) (অনুগ্রহ করুন) শব্দটি (مَصْدَرِيَّةٌ) হিসেবে বিবেচনা করেছেন। তিনি (أَنْ يُقَالَ) -কে (خَبْرَانٍ) মনে করেছেন। এতে বাক্যের রূপটা তিনি এভাবে ধরেছেন :

(أَوَّلُ سُؤَالِ الْعَبْدِ هُوَ أَنْ يُقَالَ لَهُ) অর্থাৎ বান্দার প্রতি প্রথম প্রশ্ন যেটা সেটা হলো তাকে বলা হবে, আমি কি তোমার শারীরিক সুস্থতা দান করিনি? আর ঠাণ্ডা পানি দ্বারা কি তোমাকে সিক্ত করিনি? ঈমানের পর মুমিনের জীবনের সবচেয়ে বড় নি'আমাত হলো তার সুস্থতা। ঠাণ্ডা পানি আল্লাহ তা'আলার এক মহা নি'আমাত। সুস্থদেহ ও শরীর এবং রোগমুক্ত নিরাপদ স্বাস্থ্যকর জীবনের জন্য এটা পরম নি'আমাত। এজন্য রসূলুল্লাহ এ দু'আর ক্ষেত্রে ঠাণ্ডা পানির প্রশংসায় মুবালাগাহ্ বা অতিরঞ্জন করেছেন। যেমন তিনি (সা.) তার দু'আর মধ্যে বলতেন- (نَفْسِي-بَلَاتَن-دُعَا) অর্থাৎ- হে আল্লাহ! তোমার মুহাব্বাত আমার নিকট এত দৃঢ় ও মজবুত করে দাও আমার জীবনের চেয়ে, আমার পরিবার-পরিজনের চেয়ে এবং ঠাণ্ডা পানির চেয়েও প্রিয়তর হয়।

ঠাণ্ডা পানি আল্লাহ তা'আলার অন্যতম একটি শ্রেষ্ঠ নিআমাত। রুচিশীল সুখ ও স্বাচ্ছন্দ্যময় জীবনের জন্য বিনামূল্যে প্রাপ্ত পর্যাপ্ত পানির মূল্য নিরূপণ করা যায় না। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৮ম খণ্ড, হা. ৩৩৫৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85176>

## \$ হাদিসবিডি়র প্রজেক্টে অনুদান দিন